আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২৭ জুন, ২০২২ ২০:০৮

# বারিতে আলুর তাপ সহিষ্ণু ও রোগ প্রতিরোধী জাতের প্রকল্পের কর্মশালা

গাজীপুর প্রতিনিধি:




বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট'র (বারি) কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের উদ্যোগে আলুর তাপ সহিষ্ণু এবং লেট ব্লাইট রোগ প্রতিরোধী জাতের ক্লোরোপ্লাস্ট জিনোম সিকুয়েন্সিং ও কিউটিএল বিশ্লেষণ শীর্ষক প্রকল্পের সমাপনী কর্মশালা সোমবার বারির সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। কৃষি গবেষণা ফাউন্ডেশন'র (কেজিএফ) "Chloroplast Genome Sequencing and QTL Analysis of Heat Tolerant and Late Blight Resistant Potato Varieties (KGF Project ID:BR8-C/17)" শীর্ষক প্রকল্পের অর্থায়নে এ সমাপনী কর্মশালা অনুষ্ঠিত হয়।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন। বারি'র পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, কেজিএফ এর সিনিয়র স্পেশালিস্ট (মাঠ ফসল) নরেশ চন্দ্র দেব বর্মা। কর্মশালায় স্বাগত বক্তব্য ও মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্পের প্রিন্সিপাল ইনভেস্টিগেটর ও কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মোশাররফ হোসেন মোল্লা। এছাড়াও কর্মশালায় এ প্রকল্পের উপর আরেকটি প্রবন্ধ উপস্থাপন করেন কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্পের কো-ইনভেস্টিগেটর জনাব মো. শফিকুল ইসলাম। কর্মশালায় বারি'র অন্যান্য পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধানগণ, বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার বলেন, আমাদের সরকারের লক্ষ্য সকলের জন্য পুষ্টি সমৃদ্ধ নিরাপদ খাবার নিশ্চিত করা। আলু আমাদের দেশের খুবই গুরুত্বপূর্ণ একটি ফসল। কিন্তু এই ফসলে বর্তমানে বিভিন্ন ধরনের রোগ ও পোকা-মাকড়ের আক্রমণ দেখা দিচ্ছে।

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২৭ জুন, ২০২২ ১৪:৫১

# বারির উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তি পেলেন ৬৩ শিক্ষার্থী

গাজীপুর প্রতিনিধি




বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান সোমবার ইনস্টিটিউটের উদ্যানতত্ত গবেষণা কেন্দ্রের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

এ বছর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট উচ্চ বিদ্যালয় ও ছোট দেওরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণীর মোট ৬৩ জন মেধাবী শিক্ষার্থীকে বৃত্তির অর্থ ও সনদপত্র প্রদান করা হয়।

অনুষ্ঠানে বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে শিক্ষার্থীদের মাঝে বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ করেন।

বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সভাপতি ড. মো. কামরুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. নির্মল চন্দ্র শীল, বারি'র পরিকল্পনা ও মূল্যায়ন উইং এর ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সহ-সভাপতি ড. দীদার সুলতানা। এছাড়াও অনুষ্ঠানে ইনস্টিটিউট এর বিভিন্ন বিভাগের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, বিএআরআই উচ্চ বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে উম্মেয়ারা স্মৃতি তহবিলের বিভিন্ন দিক তুলে ধরেন উদ্যানতত্ত গবেষণা কেন্দ্রের মৃত্তিকা ও পানি ব্যবস্থাপনা শাখার ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও তহবিলের সদস্য সচিব ড. খোকন কুমার সরকার।

যুগান্তর | মঙ্গলবার ২৮ জুন ২০২২
১৪ আষাঢ় ১৪২৯
/DailyJugantor /DainikJugantor www.jugantor.com

# বারির উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তি পেলেন ৬৩ শিক্ষার্থী

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ করা হয়েছে। ইনস্টিটিউটের উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সেমিনার কক্ষে সোমবার বৃত্তি ও সনদ বিতরণ করা হয়। এ বছর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট উচ্চ বিদ্যালয় এবং ছোট দেওরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মোট ৬৩ জন মেধাবী শিক্ষার্থীকে বৃত্তির অর্থ ও সনদপত্র দেওয়া হয়। অনুষ্ঠানে বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ করেন। উম্মেয়ারা স্মৃতি তহবিলের সভাপতি ড. মো. কামরুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পরিচালক ড. ফেরদৌসী ইসলাম, ড. সোহেলা আক্তার, ড. নির্মল চন্দ্র শীল, উম্মেয়ারা স্মৃতি তহবিলের সহসভাপতি ড. দীদার সুলতানা। অনুষ্ঠানে মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে উম্মেয়ারা স্মৃতি তহবিলের বিভিন্ন দিক তুলে ধরেন তহবিলের সদস্য সচিব ড. খোকন কুমার সরকার। বারির এফএমপিই বিভাগের জুনিয়র ফিটার মো. আবুল হাসেমের মেয়ে ও ছোট দেওরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেণির ছাত্রী মোসাম্মত উম্মেয়ারা ১৯৮৮ সালে এক সড়ক দুর্ঘটনায় নিহত হয়। এই শিক্ষার্থীর স্মৃতি রক্ষা এবং গরিব ও মেধাবী শিক্ষার্থীদের লেখাপড়ার পথ সুগম করতে উম্মেয়ারা স্মৃতি তহবিল গঠন করা হয়।

ঢাকা ■ মঙ্গলবার ■ ২৮ জুন ২০২২ ভোরের কাগজ

# বারির উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তি পেলেন ৬৩ শিক্ষার্থী




বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার গতকাল উম্মেয়ারা স্মৃতি বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ করেন। বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান গতকাল ইনস্টিটিউটের উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। এ বছর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট উচ্চ বিদ্যালয় ও ছোট দেওরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণির ৬৩ জন মেধাবী শিক্ষার্থীকে বৃত্তির অর্থ ও সনদপত্র দেয়া হয়।

অনুষ্ঠানে বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে শিক্ষার্থীদের মাঝে বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ করেন। বারির পরিচালক ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সভাপতি ড. মো. কামরুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পরিচালক ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক ড. সোহেলা আক্তার, পরিচালক ড. নির্মল চন্দ্র শীল, বারির পরিকল্পনা ও মূল্যায়ন উইংয়ের ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সহসভাপতি ড. দীদার সুলতানা।

অনুষ্ঠানে বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার বলেন, বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা আগামীতে আরো ভালো ফলাফল করতে উৎসাহিত হবে। বিজ্ঞপ্তি।

মঙ্গলবার ২৮ জুন ২০২২ ॥ ১৪ আষাঢ় ১৪২৯

আমাদের সময়

# বারির উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তি পেলেন ৬৩ শিক্ষার্থী

**গাজীপুর প্রতিনিধি** ❋ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল ইনস্টিটিউটের উদ্যানতত্ত্ব গবেষণাকেন্দ্রের সেমিনারকক্ষে মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট উচ্চ বিদ্যালয় ও ছোট দেওরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণির মোট ৬৩ মেধাবী শিক্ষার্থীকে বৃত্তির অর্থ ও সনদপত্র প্রদান করেন।

বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সভাপতি ড. মো. কামরুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণাকেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণাকেন্দ্র) ড. নির্মল চন্দ্র শীল, বারির পরিকল্পনা ও মূল্যায়ন উইংয়ের ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সহসভাপতি ড. দীদার সুলতানা। এ ছাড়া বিভিন্ন বিভাগের বিজ্ঞানী, কর্মকর্তা-কর্মচারী, বিএআরআই উচ্চ বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার বলেন, এই বৃত্তি প্রদানের মাধ্যমে আজ এসব শিক্ষার্থীর মেধার স্বীকৃতি দেওয়া হলো। ফলে তারা আগামীতে আরও ভালো ফল করতে উৎসাহিত হবে।

উল্লেখ্য, বারির এফএমপিই বিভাগের জুনিয়র ফিটার মো. আবুল হাসেমের মেয়ে ও ছোট দেওরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেণির ছাত্রী মোসাম্মত উম্মেয়ারা ১৯৮৮ সালে এক সড়ক দুর্ঘটনায় নিহত হয়। কোমলমতি এই শিক্ষার্থীর স্মৃতি রক্ষা এবং গরিব ও মেধাবী শিক্ষার্থীদের লেখাপড়ার পথ সুগম করতে উম্মেয়ারা স্মৃতি তহবিল গঠন করা হয়।

যায়যায়দিন

# বারি'র উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তি পেলেন ৬৩ শিক্ষার্থী

প্রকাশ | ২৭ জুন ২০২২, ১৬:৪৮

গাজীপুর প্রতিনিধি




বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)- এর উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তির অর্থ ও সনদপত্র পেয়েছেন ৬৩ মেধাবী শিক্ষার্থী।

সোমবার বারি'র উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সেমিনার কক্ষে এক অনুষ্ঠানে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট উচ্চ বিদ্যালয় ও ছোট দেওরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণীর মেধাবী এসব শিক্ষার্থীদের বৃত্তির অর্থ ও সনদ প্রদান করা হয়েছে।

এতে প্রধান অতিথি ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সভাপতি ড. মো. কামরুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. নির্মল চন্দ্র শীল, বারি'র পরিকল্পনা ও মূল্যায়ন উইং এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সহ—সভাপতি ড. দীদার সুলতানা। এছাড়াও অনুষ্ঠানে ইনস্টিটিউট এর বিভিন্ন বিভাগের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, বিএআরআই উচ্চ বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে উম্মেয়ারা স্মৃতি তহবিলের বিভিন্ন দিক তুলে ধরেন উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের মৃত্তিকা ও পানি ব্যবস্থাপনা শাখার উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও তহবিলের সদস্য সচিব ড. খোকন কুমার সরকার।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার বলেন, এই বৃত্তি প্রদানের মাধ্যমে আজ এসব শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি দেয়া হলো। এর ফলে তারা আগামীতে আরও ভালো ফলাফল করতে তারা উৎসাহিত হবে। যারা বৃত্তি পায়নি তারা ভবিষ্যতে আরও ভালো ফলাফল করার মাধ্যমে আগামীতে এই বৃত্তি পাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

বারি'র প্রটোকল অফিসার মোঃ আলামিন জানান, বারি'র জুনিয়র ফিটার মো. আবুল হাসেমের মেয়ে ও ছোট দেওরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেণীর ছাত্রী মোসাম্মত উম্মেয়ারা ১৯৮৮ সালে এক সড়ক দুর্ঘটনায় নিহত হয়। কোমলমতি এই শিক্ষার্থীর স্মৃতি রক্ষা এবং গরীব ও মেধাবী শিক্ষার্থীদের লেখাপড়ার পথ সুগম করতে উম্মেয়ারা স্মৃতি তহবিল গঠন করা হয়।

নয়া দিগন্ত
মঙ্গলবার
ঢাকা, ১৪ আষাঢ় ১৪২৯
২৭ জিলকদ ১৪৪৩
২৮ জুন ২০২২
www.dailynayadiganta.com

# বারির উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তি পেলেন ৬৩ শিক্ষার্থী

**গাজীপুর মহানগর সংবাদদাতা**

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান সোমবার ইনস্টিটিউটের উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এ বছর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট উচ্চবিদ্যালয় ও ছোট দেওড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণীর মোট ৬৩ জন মেধাবী শিক্ষার্থীকে বৃত্তির অর্থ ও সনদপত্র প্রদান করা হয়।

অনুষ্ঠানে বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ করেন। বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সভাপতি ড. মো: কামরুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বারির পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. নির্মল চন্দ্র শীল, বারির পরিকল্পনা ও মূল্যায়ন উইংয়ের ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সহসভাপতি ড. দীদার সুলতানা। এ ছাড়াও অনুষ্ঠানে ইনস্টিটিউটের বিভিন্ন বিভাগের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, বিএআরআই উচ্চবিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে উম্মেয়ারা স্মৃতি তহবিলের বিভিন্ন দিক তুলে ধরেন উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের মৃত্তিকা ও পানি ব্যবস্থাপনা শাখার ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও তহবিলের সদস্যসচিব ড. খোকন কুমার সরকার।

দৈনিক
বস্তুনিষ্ঠ সংবাদের অগ্রপথিক
সকালের সময়
মঙ্গলবার | ঢাকা | ১৪ আষাঢ় ১৪২৯ | ২৮ জুন ২০২২



# বারি'র উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তি পেলেন ৬৩ শিক্ষার্থী

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান সোমবার ইনস্টিটিউটের উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এ বছর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট উচ্চ বিদ্যালয় ও ছোট দেওরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণির মোট ৬৩ জন মেধাবী শিক্ষার্থীকে বৃত্তির অর্থ ও সনদপত্র প্রদান করা হয়। অনুষ্ঠানে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ করেন। বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সভাপতি ড. মো. কামরুল হাসান এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. নির্মল চন্দ্র শীল, বারি'র পরিকল্পনা ও মূল্যায়ন উইং এর ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সহ-সভাপতি ড. দীদার সুলতানা। এছাড়াও অনুষ্ঠানে ইনস্টিটিউট এর বিভিন্ন বিভাগের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, বিএআরআই উচ্চ বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে উম্মেয়ারা স্মৃতি তহবিলের বিভিন্ন দিক তুলে ধরেন উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের মৃত্তিকা ও পানি ব্যবস্থাপনা শাখার ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও তহবিলের সদস্য সচিব ড. খোকন কুমার সরকার। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার বলেন, এই বৃত্তি প্রদানের মাধ্যমে আজ এসব শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি দেয়া হলো। এর ফলে তারা আগামীতে আরও ভালো ফলাফল করতে তারা উৎসাহিত হবে। যারা বৃত্তি পায়নি তারা ভবিষ্যতে আরও ভালো ফলাফল করার মাধ্যমে আগামীতে এই বৃত্তি পাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। উল্লেখ্য, বারি'র এফএমপিই বিভাগের জুনিয়র ফিটার মো. আবুল হাসেমের মেয়ে ও ছোট দেওরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেণির ছাত্রী মোসাম্মত উম্মেয়ারা ১৯৮৮ সালে এক সড়ক দুর্ঘটনায় নিহত হয়। কোমলমতি এই শিক্ষার্থীর স্মৃতি রক্ষা এবং গরীব ও মেধাবী শিক্ষার্থীদের লেখাপড়ার পথ সুগম করতে উম্মেয়ারা স্মৃতি তহবিল গঠন করা হয়। **-বিজ্ঞপ্তি**

স্বাধীনতার স্বপক্ষের

মঙ্গলবার

দৈনিক চিত্র

২৮ জুন ২০২২ ॥ ১৪ আষাঢ় ১৪২৯ ॥ ২৮ জিলকদ্ব ১৪৪৩

# বারি'র উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তি পেলেন ৬৩ শিক্ষার্থী

আব্দুর রহমান,গাজীপুর

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর উম্মেয়ারা স্মৃতি তহবিল বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান গতকাল ২৭ জুন সোমবার ইনস্টিটিউটের উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এ বছর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট উচ্চ বিদ্যালয় ও ছোট দেওরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণীর মোট ৬৩ জন মেধাবী শিক্ষার্থীকে বৃত্তির অর্থ ও সনদপত্র প্রদান করা হয়।

অনুষ্ঠানে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে বৃত্তির অর্থ ও সনদপত্র বিতরণ করেন। বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের সভাপতি ড. মো. কামরুল হাসান এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. নির্মল চন্দ্র শীল, বারি'র পরিকল্পনা ও মূল্যায়ন উইং এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উম্মেয়ারা স্মৃতি তহবিলের



সহ-সভাপতি ড. দীদার সুলতানা। এছাড়াও অনুষ্ঠানে ইনস্টিটিউট এর বিভিন্ন বিভাগের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারি,শ্রমিক, বিএআরআই উচ্চ বিদ্যালয়ের শিক্ষক, ● ৭-এর পাতায় দেখুন

শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে উম্মেয়ারা স্মৃতি তহবিলের বিভিন্ন দিক তুলে ধরেন উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের মৃত্তিকা ও পানি ব্যবস্থাপনা শাখার উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও তহবিলের সদস্য সচিব ড. খোকন কুমার সরকার।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার বলেন, এই বৃত্তি প্রদানের মাধ্যমে গতকাল এসব শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি দেয়া হলো। এর ফলে তারা আগামীতে আরও ভালো ফলাফল করতে তারা উৎসাহিত হবে। যারা বৃত্তি পায়নি তারা ভবিষ্যতে আরও ভালো ফলাফল করার মাধ্যমে আগামীতে এই বৃত্তি পাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ্য, বারি'র এফএমপিই বিভাগের জুনিয়র ফিটার মো. আবুল হাসেমের মেয়ে ও ছোট দেওরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেণীর ছাত্রী মোসাম্মত উম্মেয়ারা ১৯৮৮ সালে এক সড়ক দুর্ঘটনায় নিহত হয়। কোমলমতি এই শিক্ষার্থীর স্মৃতি রক্ষা এবং গরীব ও মেধাবী শিক্ষার্থীদের লেখাপড়ার পথ সুগম করতে উম্মেয়ারা স্মৃতি তহবিল গঠন করা হয়।